

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৭.৬৯৮.১৮- ১১৫

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯
২৫ আগস্ট ২০২২

বিষয়: ২৪ আগস্ট ২০২২ তারিখ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৪ আগস্ট ২০২২, বুধবার
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) এর কক্ষ (রুক-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক" (সংযুক্ত)

গত ৩১/০৭/২০২২ তারিখের স্মারক নং ৫২.০০.০০০০.০০৬.১৮.৬৪৯.১৪-৫৯ নং স্মারকের মাধ্যমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের সমন্বয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি গঠনের অফিস আদেশ জারি করা হয়েছে। তারই ধারাবাহিকতায় গত ২৪/০৮/২০২২ তারিখ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি সদস্যদের উপস্থিতিতে পরিসংখ্যান ভবনের, সিঁড়ি, ছাদ, ছাদে স্থাপিত সোলার প্যানেল, ভবনের বেইজম্যান্টসহ অন্যান্য স্থান পরিদর্শন করা হয়।

০২। পরিসংখ্যান ভবনের সিঁড়ি, ছাদ, ছাদে স্থাপিত সোলার প্যানেল, করিডোর, ভবনের বেইজম্যান্ট এবং ক্যান্টিন পরিদর্শনকালে ভবনের নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, যন্ত্রতন্ত্র ছড়িয়ে ছিটিয়ে থাকা অপ্রয়োজনীয় আসবাবপত্র, বইপুস্তক ময়লা-আবর্জনা ও অন্যান্য বিষয়াদির ব্যাপারে আরো সচেতনতাসহ ভবনের কর্ম-পরিবেশ, নিরাপত্তা সংক্রান্ত ও স্বাস্থ্যগত বিষয়গুলোর উপর সজাগ দৃষ্টি দিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সভায় বিভিন্ন বিষয়ে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়


নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পরিসংখ্যান ভবনের করিডোরগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখার সংক্রান্ত।	প্রতিদিন জীবানুনাশক দিয়ে করিডোরগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে কমিটির সদস্যবৃন্দ একমত পোষন করেন।	বিবিএস
২	সোলার প্যানেল মেরামত ও যথাযথ বিদ্যুৎ উৎপাদন সংক্রান্ত।	সোলার প্যানেল থেকে যাতে যথাযথ বিদ্যুৎ উৎপাদন হয় সে বিষয়ে বিশেষজ্ঞদের সহায়তা নিয়ে সোলার প্যানেলসমূহ সচল রাখার এবং ৫ টি প্যানেল দীর্ঘ দিন যাবত নষ্ট হয়ে আছে বিধায় সেগুলো অতীব জরুরীভিত্তিতে মেরামত করার জন্য কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৩	পরিসংখ্যান ভবনের ছাদে বিভিন্ন জায়গায় ময়লা আবর্জনা ও বিভিন্ন অপ্রয়োজনীয় জিনসপত্র আছে সেগুলো অপসারণ সংক্রান্ত।	পরিসংখ্যান ভবনের ছাদে বিভিন্ন জায়গায় যে সকল ময়লা আবর্জনা ও বিভিন্ন অপ্রয়োজনীয় আসবাবপত্র আছে সেগুলো আগামী ৩১/০৮/২০২২ তারিখের জরুরী ভিত্তিতে অপসারণের জন্য কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস

নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪	বেইজম্যান্টের অপ্রয়োজনীয় আসবাবপত্র কন্ডেম ঘোষণা সংক্রান্ত।	বেইজম্যান্টে রাখা দরকারী ও ব্যবহারোপযোগী আসবাবপত্র রেখে বাকী সব আসবাবপত্রসহ কন্ডেম ঘোষণা করা এবং বিভিন্ন প্রকল্পের কাগজপত্র আগামী ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে অপসারণ করে যথাযথভাবে সংরক্ষণের জন্য কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস এর সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৫	পরিসংখ্যান ভবনের সকল ফ্লোরের সিঁড়িগুলো নিয়মিত ঝাড়ু দেয়াসহ জীবানুনাশক দিয়ে পরিষ্কার করা জন্য পরিচ্ছন্ন কর্মীদের মনিটরিং করা জন্য পরিচ্ছন্ন কর্মীদের মনিটরিং করা হবে।	পরিসংখ্যান ভবনের সকল ফ্লোরের সিঁড়িগুলো নিয়মিত ঝাড়ু দেয়াসহ জীবানুনাশক দিয়ে পরিষ্কার করা জন্য পরিচ্ছন্ন কর্মীদের মনিটরিং করা জন্য কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৬	পরিসংখ্যান ভবনের ক্যান্টিন পরিষ্কার সংক্রান্ত	পরিসংখ্যান ভবনের নিচতলায় অবস্থিত ক্যান্টিনের ফ্লোর, ওয়াশরুম, ক্যান্টিনে ব্যবহৃত আসবাবপত্র নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, সতেজ ও বিশুদ্ধ খাবার পরিবেশনেরসহ সকল পরিবেশনকারীদের নির্দিষ্ট ও পরিচ্ছন্ন পোষাক পরিধান করার জন্য ক্যান্টিন ম্যানেজারকে নির্দেশ প্রদানের জন্য কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৭	কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা সংক্রান্ত।	পরিষ্কার-পরিচ্ছন্নতা, নিরাপত্তা ও অন্যান্য বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা ও সজাগ দৃষ্টি রাখার জন্য কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস ও এসআইডি

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় আহ্বায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।




মো: ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
ও
সদস্য সচিব পরিষ্কার পরিচ্ছন্নতা
বিষয়ক যৌথ কমিটি




মো: সাকিব-আদিল-~~হোসেন~~ রাকি
সিনিয়র সহকারী সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা
বিভাগ
ও
সদস্য পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক
যৌথ কমিটি



মোহাম্মদ এনামুল হক
মেইটেন্যান্স ইঞ্জিনিয়ার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
সদস্য পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ
কমিটি



মো: হারুনুর রশীদ
সহকারী পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
সদস্য পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক
যৌথ কমিটি



মো: এমদাদুল হক
পরিচালক
এফএ এন্ড এমআইএস
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
আহ্বায়ক পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক
যৌথ কমিটি